মেহেরপুরে জমি বিক্রি করায় ৩০টি আমগাছ কেটে ফেলার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার পৌর কলেজ সংলগ্ন ঝাউবাড়িয়া সড়কে জমি বিক্রির জেরে ৩০টি আমগাছ ও ৩টি কলাগাছ কেটে ফেলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় মোঃ জাহাঙ্গীর হোসেন (৩২) মেহেরপুর সদর থানায় একটি এজাহার দায়ের করেছেন।

এজাহারে বলা হয়, ১৯ আগস্ট ২০২৫ তারিখে মেহেরপুর সদর সাব-রেজিস্ট্রি অফিসের দলিল নং-৪৯২৬/২০২৫ মূলে বাবু নামের এক ব্যক্তির জমি ডাঃ মোঃ মাহফুজ্জামানের কাছে বিক্রি হয়। এ জমি বিক্রিতে মধ্যস্থতা করেন এজাহারকারী জাহাঙ্গীর হোসেন।

এ অভিযোগে বলা হয়, জমি বিক্রির পর ২৮ আগস্ট সন্ধ্যায় শামীম, জহিরুল ইসলাম বাবু, ফজলুল হক, ডিটুসহ অজ্ঞাতনামা কয়েকজন জাহাঙ্গীর হোসেনের বাড়িতে গিয়ে তাকে হত্যার হুমকি দেয় এবং তার বাগানের গাছ কাটার হুমকি দেয়। পরদিন ২৯ আগস্ট সকালে জাহাঙ্গীর হোসেন তার বাগানে গিয়ে দেখেন রাতের মধ্যে তার বাগানের প্রায় ৩০টি আমগাছ ও ৩টি কলাগাছ কেটে ফেলা হয়েছে। এতে আনুমানিক ২ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

এ বিষয়ে মেহেরপুর সদর থানায় অভিযোগ দায়ের করেছেন জাহাঙ্গীর হোসেন। অভিযোগ পেয়ে সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছেন।